



বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী
(৮৬, বিজয়নগর), ঢাকা-১০০০।
www.smfb.gov.bd


স্মারক নং বারাচিঅ/২৫০৫/১০

তারিখঃ ২৫/০৫/২০২৫

বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি ও মেডিকেল এসিস্ট্যান্ট ট্রেনিং কোর্সে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন ফরম ও ফি প্রেরণের সময় বৃদ্ধি প্রসঙ্গে।


সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ নিয়ন্ত্রিত ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি (আইএইচটি) ও মেডিকেল এসিস্টেন্ট ট্রেনিং কোর্সের (ম্যাটস) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ১২ মে ২০২৫ তারিখে প্রেরিত তালিকা অনুযায়ী পূরণকৃত রেজিস্ট্রেশন ফরম ও ফি অনুষদে প্রেরণের তারিখ ১২ জুন ২০২৫ নির্ধারিত ছিল। উল্লেখ্য উক্ত তারিখে সরকার কর্তৃক পবিত্র ঈদুল আযহার ছুটি ঘোষিত হওয়ায় পূরণকৃত রেজিস্ট্রেশন ফরম ও ফি প্রেরণের তারিখ ২৫ জুন ২০২৫ পুনঃনির্ধারণ করা হলো। এছাড়া অন্যান্য নিয়মাবলী অপরিবর্তিত থাকবে।


(ডাঃ মোঃ সাইফুল ইসলাম)
সচিব (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ

ই-মেইল: smf.secy@gmail.com

ফোনঃ ২২৩৩৮৪০৪৯



তারিখঃ ২৫/০৫/২০২৫

স্মারক নং বা রা চি অ/১৬/২০২৫/৮৯১০()

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহা পরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. অধ্যক্ষ, সকল (সরকারি ও বেসরকারি) আইএইচটি।

৫. অধ্যক্ষ, সকল (সরকারি ও বেসরকারি) ম্যাটস।